# NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)

# স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রয়োগ পরীক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জামের তালিকা

***NYS ডিপার্টমেন্ট অফ স্টেট – লাইসেন্স পরিষেবা বিভাগ (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)***
***PO বাক্স 22001, Albany, NY 12201-2001***

প্রত্যেকটি ধাপের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম আলাদা করে গ্রুপ করে, লেবেল লাগিয়ে, সিল করা যায় এমন প্লাস্টিক ব্যাগে ভরে আনার পরামর্শ দেওয়া হচ্ছে। এই সরঞ্জামগুলো আপনার ট্রান্সপোর্ট ব্যাগ বা প্লাস্টিক স্টোরেজ কন্টেইনারে রাখতে হবে যতক্ষণ না প্রতিটি ধাপের জন্য এগুলো প্রয়োজন হয় এবং আপনাকে নির্দেশ দেওয়া হয় (আপনার সুবিধার জন্য, আমরা পরামর্শ দিচ্ছি যে আপনি রোলিং ট্রাভেল সিস্টেম ব্যবহার করার কথা ভাবতে পারেন)। সব যন্ত্রপাতি ও সরঞ্জাম প্যাক করার আগে সেগুলো জীবাণুমুক্ত ও পরিষ্কার করা উচিত। যেসব সরঞ্জাম একবারই ব্যবহার করার জন্য, সেগুলোকে অবশ্যই নতুন/অব্যবহৃত হতে হবে। **যেসব পণ্যকে আসল প্যাকেটে রাখার দরকার নেই, সেগুলো ইংরেজিতে লেবেল করা উচিত এবং প্রয়োজন হলে অন্য কোনো ভাষায়ও লেবেল করা যেতে পারে।** (বিঃদ্রঃ: সব ধারালো যন্ত্রপাতি অবশ্যই একটি শক্ত প্লাস্টিক বা ধাতব পাত্রে বহন করতে হবে, যার উপর '*পরিষ্কার* লেবেল লাগানো থাকতে হবে। ব্যবহৃত যন্ত্রপাতি অবশ্যই একটি শক্তপোক্ত পাত্রে রাখা উচিত, যার উপর '*ময়লা* লেবেল লাগানো থাকবে। ***গুরুত্বপূর্ণ: যদি আপনি নির্ধারিত সময়ের পরে পরীক্ষা কেন্দ্রে পৌঁছান, তাহলে আপনাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না এবং পরীক্ষার ফি ফেরত দেওয়া হবে না।***

****পরীক্ষায় সই করার জন্য অনুগ্রহ করে আপনার নিজস্ব কলম নিয়ে আসবেন****

## পেশাদারিত্বপূর্ণ চেহারা

**পেশাদারিত্বপূর্ণ চেহারা:**
☐ শার্ট বা পোশাকের ওপর পরিষ্কার, বাহ্যিক পোশাক (স্মক বা গাউন) পরা আবশ্যক (বিঃদ্রঃ: অ্যাপ্রোন পরা চলবে না)
☐ ডিসপোজেবল বা একবার ব্যবহার করার পর ফেলে দেওয়ার মতো হাতের গ্লাভস (ঐচ্ছিক)
পরামর্শ: -স্কুল, সেলুন বা অন্য কোনো প্রতিষ্ঠানের সঙ্গে আপনার সম্পর্ককে প্রকাশ করে এমন কোনো জিনিস সঙ্গে নিয়ে আসা বা পরিধান করা থেকে বিরত থাকুন।
স্মরণ করিয়ে দেওয়া: সুরক্ষার জন্য, আপনাকে ক্লোজড-টো সু পরতে হবে যা পায়ের পাতার উপরের অংশকে ঢেকে রাখে এবং এমন উপাদান দিয়ে তৈরি যাতে সহজে ছিদ্র করা যায় না (বিঃদ্রঃ: ক্যানভাস জাতীয় উপাদান গ্রহণযোগ্য নয়)।

## কাজের জায়গা ও ম্যনেকিন প্রস্তুতকরণ (15 মিনিট)

**কাজের জায়গার প্রস্তুতকরণ**
☐ EPA-অনুমোদিত সারফেস স্যানিটাইজিং সলিউশন মূল লেবেলসহ প্যাকেটে (হতে পারে তরল, স্প্রে, ওয়াইপস ইত্যাদি)।
☐ ডিসপোজেবল তোয়ালে বা কাপড়ের তোয়ালে (পৃষ্ঠতলকে মুছে শুকানোর জন্য)
☐ আগেভাগে মিশ্রিত, হাসপাতালের মানসম্পন্ন, শিল্পজাত যন্ত্রপাতি জীবাণুমুক্তকারী, লেবেলযুক্ত এবং উপযুক্ত পাত্রে থাকা।
☐ ডিসইনফেক্ট্যান্ট ট্রে/কন্টেইনার (পরে ব্যবহৃত জিনিসপত্র ডুবিয়ে জীবাণুমুক্ত করার জন্য)
☐ গ্লাস ক্লিনার - ঐচ্ছিক (কাজের জায়গায় বা ওয়ার্কিং স্টেশনের আয়না পরিষ্কারের জন্য)
☐ একবার ব্যবহারের পর ডিসপোজেবল সামগ্রী ফেলার/আবর্জনার জন্য প্লাস্টিক ব্যাগ(গুলি)
☐ আবর্জনা ফেলার ব্যাগটিকে কাজের জায়গায় ঠিকঠাক লাগানোর জন্য টেপ

**<u>ক্লায়েন্ট (ম্যানিক্যান) প্রস্তুতি:</u>**

*বিঃদ্রঃ: ম্যানিক্যানে স্ন্যাপ-অন চুল (চাপ দিয়ে লাগানো) বা যেকোনো ধরণের চুল যা ম্যানিক্যানে আটকে দিতে হয়, তা ব্যবহার করা যাবে না।*

□ ম্যানিক্যান (আপনার পছন্দ অনুযায়ী) - স্ক্যাল্প এবং চুল অবশ্যই পরিষ্কার থাকতে হবে।

(বিঃদ্রঃ: **<u>পেশাদারিত্বপূর্ণ চেহারা:</u>**

□ ম্যানিক্যান আটকের জন্য কাউন্টারটপ ক্ল্যাম্প ব্যবহার করতে হবে (ফ্লোর স্ট্যান্ড ব্যবহার করা যাবে না)।

(বিঃদ্রঃ: যদি আপনার ক্ল্যাম্পের উপরে কোনো প্রোটেকটিভ কভারিং না থাকে, তাহলে কাউন্টারটপ রক্ষা করার জন্য ক্ল্যাম্পের নিচে রাখার জন্য

একটি ওয়াশক্লথ, তোয়ালে বা অন্য কোনো ব্যারিয়ার সঙ্গে আনুন।)

□ চুল আঁচড়ানোর বা শ্যাম্পু করার জন্য কেপ (ছোট দৈর্ঘ্যের বা শিশুর সাইজের সুপারিশ করা হয়)

□ □ গলার স্ট্রিপ (টিস্যু) এবং/অথবা তোয়ালে(গুলি)

□ □ তোয়ালে – সব ধরনের কাজের জন্য পর্যাপ্ত পরিমাণে

**<u>সাজানোর জন্য সাধারণ সরঞ্জামসমূহ:</u>**

□ স্প্রে ওয়াটার বোতল (আগেভাগে ভর্তি করা), স্পষ্টভাবে লেবেল করা (আমরা সুপারিশ করি আপনি যেন একটি অতিরিক্ত বোতলও সঙ্গে নিয়ে আসেন কারণ আমরা জলের প্রাপ্যতা নিশ্চিত করতে পারি না)

□ 60% বা তার বেশি এলকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার (মূল বোতল/ডিসপেন্সার বা প্যাকেটে) – পরীক্ষা চলাকালীন ব্যবহার করার জন্য

□ মূল প্যাকেটে অ্যালকোহল ওয়াইপস বা স্প্রে-অন যন্ত্র জীবাণুমুক্তকরণ স্প্রে (পরীক্ষার জন্য: যন্ত্রে সংক্রমণ হলে ব্যবহার করার জন্য)।

□ প্লাস্টিকের শক্ত (হার্ড) কন্টেইনার (কাঁচি বা অন্য ধারালো সরঞ্জাম রাখার জন্য যথেষ্ট বড়) এবং সিল করা যায় এমন প্লাস্টিক ব্যাগ (রক্ত ঝরার ক্ষেত্রে ব্যবহারের জন্য), যার ওপর 'রক্ত সংক্রমণ' লেবেল লাগানো থাকবে।

□ ফার্স্ট এইড কিট: আঠালো ব্যান্ডেজ (2-3টি) এবং ব্যবহার শেষে ফেলার জন্য সিল করা যায় এমন প্লাস্টিক ব্যাগে রাখা সেফটি হ্যান্ডগ্লাভস, যার ওপর 'ফার্স্ট এইড' লেবেল লাগানো থাকবে (শক্ত পাত্রের ভিতরেও রাখা যেতে পারে)।

□ স্প্যাচুলা (প্রয়োজনে পণ্য পাত্র থেকে তুলে নেওয়ার জন্য) - ঐচ্ছিক।

*যদি আপনি শুধুমাত্র সিল করা যায় এমন প্লাস্টিক ব্যাগে পরিষ্কার যন্ত্রপাতি পরিবহন করার সিদ্ধান্ত না নেন, তাহলে আপনার ক্ষেত্রে আরও প্রয়োজন হবে:*

□ যন্ত্রপাতি (কাঁচি, ব্রাশ ইত্যাদি) পরিবহনের জন্য 'পরিষ্কার' লেবেলযুক্ত ঢাকনা দেওয়া পাত্র।

*যদি আপনি আপনার সব ব্যবহৃত যন্ত্রপাতি আপনার ডিসপোজেবল ব্যাগে রাখতে না চান, তাহলে আপনার ক্ষেত্রে আরও প্রয়োজন হবে:*

□ ব্যবহৃত যন্ত্রপাতি (কাঁচি, ব্রাশ, কাঁচি, ইত্যাদি) পরীক্ষা কেন্দ্র থেকে বহনের জন্য 'ময়লা' লেবেলযুক্ত ঢাকনা দেওয়া পাত্র।

## প্রয়োজনীয় সরঞ্জাম ও যন্ত্রপাতি:

- **লকিং (চুলে লক তৈরি করা) (30 মিনিট)**
- **ব্রেইডিং (চুলে বেনী বা বিনুনি তৈরি করা) (30 মিনিট)**
- **কর্নরোইং (মাথার ত্বকের কাছাকাছি সরল রেখায় চুলে ঘন বেণি তৈরি করা) (30 মিনিট)**
- **উইভিং (চুল বোনা, সাধারণত এক্সটেনশন নামে পরিচিত) (30 মিনিট)**

□ স্প্রে ওয়াটার বোতল (আগেভাগে ভর্তি করা), স্পষ্টভাবে লেবেল করা (পরীক্ষার শুরু থেকে শেষ পর্যন্ত বাইরে রাখা যেতে পারে)

□ প্রয়োজনীয় ধাপগুলো সম্পন্ন করার জন্য বিভিন্ন ধরণের চিরুনি এবং/অথবা ব্রাশ।

□ চুল কাটার কাঁচি এবং/অথবা ব্রেইড ছাঁটানোর জন্য প্রয়োজনীয় অন্যান্য যন্ত্রপাতি।

☐ কাটিং কম্ব, অল-পারপাস কম্ব, বা টেইল কম্ব।
☐ লকিং করার জন্য জেল বা লোশন এবং একটি পাত্র।
☐ ☐ ক্লিপের জোগান
☐ একটি আগভাগে কাটা ও পরিমাপ করা উইফট সিউ-অন উইভের জন্য।
☐ সিউ-অন উইভের জন্য সুঁই এবং উপযুক্ত সুতো
☐ এক প্যাকেট সিন্থেটিক চুল

বিঃদ্রঃ: আপনি অন্য যন্ত্রপাতি এবং পণ্যও ব্যবহার করতে পারেন যদি সেগুলো প্রয়োজনীয় ধাপের জন্য উপযোগী হয় এবং আপনার ম্যানিক্যানে ব্যবহারের জন্য উপযুক্ত হয়।

## কাজের জায়গা পরিস্কার করা

☐ অতিরিক্ত প্লাস্টিক ব্যাগ ম্যানিক্যান বহনের জন্য (ঐচ্ছিক)
☐ ছোট ঝাড়ু এবং ডাস্টপ্যান (আবশ্যক)
☐ EPA-অনুমোদিত সারফেস স্যানিটাইজিং সলিউশন মূল লেবেলসহ প্যাকেটে (হতে পারে তরল, স্প্রে, ওয়াইপস ইত্যাদি)।
☐ 60% বা তার বেশি এলকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার (মূল বোতল/ডিসপেন্সার বা প্যাকেটে) – পরীক্ষা শেষ করে বের হওয়ার আগে ব্যবহার করার জন্য

*স্বাভাবিক চুলের স্টাইলিংয়ের প্রায়োগিক পরীক্ষা জন্য প্রয়োজনীয় সরঞ্জামের তালিকা (04/2025)*